

# একাদশ শ্রেণীতে ভর্তি সব সরকারি-বেসরকারি কলেজে চলছে নৈরাজ্য

- ভর্তি বাণিজ্য নিয়ে ছাত্রলীগের সন্ত্রাস
- ফি আদায় করা হচ্ছে ইচ্ছামতো
- অনিয়মের কাছে অসহায় প্রশাসন

**রাকিব উদ্দিন**

একাদশ শ্রেণীতে ভর্তি নিয়ে সার্বভৌম সরকারি ও বেসরকারি কলেজে চলছে নৈরাজ্য। চলছে সরকারের ভর্তি নীতিমালা পূরণের প্রতিযোগিতা। এতদিকে পছন্দের প্রার্থীদের ভর্তি করতে না পেরে বিভিন্ন কলেজে অসহায় ছাত্রলীগ, অন্যান্য বেসরকারি ভর্তি নীতিমালা ২০১০-১৪ উপসংহারে ইচ্ছামতো ভর্তি ও রেজিস্ট্রেশন ফি আদায় করেছে বিভিন্ন কলেজ। শিক্ষা মন্ত্রণালয় কলেজগুলো ১০ থেকে পর্বোচ্চ ২৫ হাজার টাকা পর্যন্ত ফি আদায় করেছে। কিন্তু এসব অনিয়মের কাছে অসহায় প্রকাশ করেছে শিক্ষা প্রশাসন।

এনিকে রাজধানীর শীর্ষস্থানীয় নটর ডেম কলেজ কর্তৃপক্ষ গত বছরের মতো এবারও সরকারের নীতিমালা উপসংহারে পছন্দনীয় প্রতিযোগিতা ভর্তি কার্যক্রম চালাচ্ছে। শিক্ষা প্রশাসন এই প্রতিষ্ঠানের কাছে

নীতিমতো অসহায় হয়ে পড়েছে। ওই কলেজের রাজধানীর বেসরকারি ও প্রাইভেট কলেজগুলো শিক্ষা মন্ত্রণালয়ের ভর্তি নীতিমালা পূরণের আরও উৎসাহী হচ্ছে।

এ বিষয়ে জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আওতাধীন বোর্ড সমন্বয় সাধন কমিটির আহ্বায়ক প্রফেসর তাপসিমা বেগম সংবাদকে বলেন, 'অতিরিক্ত ভর্তি ফি আদায়ের বিষয়ে অভিভাবকদের কাছ থেকে সুনির্দিষ্ট কোন অভিযোগ পেলেন তদন্ত করা হবে। তদন্তে অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্ত প্রতিষ্ঠানের কাছ থেকে বাতিল টাকা আদায় করে ছাত্রছাত্রীদের ক্ষেত্র দেয়া হবে।'

নটর ডেম কলেজে ভর্তি নীতিমালা না মানা প্রসঙ্গে জানতে চাইলে তাপসিমা বেগম বলেন, 'এই ক্ষেত্রের বিষয়ে আইনি লড়াই চলছে।' তিনি বলেন, 'শিক্ষা বোর্ডের সুযোগ-সুবিধা ভোগ করবেন, কিন্তু বোর্ডের কোন নিয়মনীতি মেনেই না। তা তো হতে পারে না।' নৈরাজ্য: পৃষ্ঠা: ১০ ক: ১

## নৈরাজ্য : কলেজে

(১ম পৃষ্ঠার পর)

শিক্ষা মন্ত্রণালয় এবার কলেজ ভর্তি ফি নির্ধারণ করে দেয়নি। যদিও ভর্তি নীতিমালা হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়ে গত ১৪ মে রাজধানীর শীর্ষস্থানীয় কলেজের অধ্যক্ষদের নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত একসভা শেষে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সাংবাদিকদের বলেছিলেন, 'এমপিওভুক্ত কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি ফি পর্বোচ্চ আট হাজার টাকা এবং নন-এমপিওভুক্ত কলেজে পর্বোচ্চ ১৪ হাজার টাকা নেয়া যাবে।' কিন্তু রাজধানীর শীর্ষস্থানীয় অধিকাংশ কলেজই শিক্ষামন্ত্রীর নির্দেশনা অসহায় করে ইচ্ছামতো ফি আদায় করেছে ছাত্রছাত্রীদের কাছ থেকে।

**কোন কলেজ কত নিচ্ছে :**

ছাত্রছাত্রী ও অভিভাবকদের তথ্যমতে, রাজধানীর কলেজগুলোর মধ্যে একাদশ শ্রেণীতে ভর্তিতে বরাবরের মতো এবারও সবচেয়ে বেশি অর্থ প্রাপ্ত ২৫ হাজার টাকা ফি আদায় করেছে ক্যামব্রিয়ান কলেজ কর্তৃপক্ষ। এছাড়াও হোস্টেল ফি, ল্যাপটপ, বই, বাস্তা-কলম, পেনসিলসহ অন্যান্য শিক্ষণীয় উপকরণ দেয়ার নামে ছাত্রছাত্রীদের কাছ থেকে মোটা অঙ্কের ফি আদায় করেছে কলেজটি। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় প্রতিবারই এই কলেজের অশাস্যের বিষয়ে উদ্বেগবোধ দেখিয়ে আসছে।

এ বিষয়ে জানতে চাইলে ক্যামব্রিয়ান কলেজের চেয়ারম্যান এমকে বাশার নূরদিকে বলেন, 'আমি চার লাখ টাকা প্যাকেজে শিক্ষার্থী ভর্তি করছি। প্রথম প্যাকেজে ভর্তি ফি নিচ্ছি ২৫ হাজার টাকা। কিন্তু শিক্ষার্থী প্রতি বছর অনেক বেশি হচ্ছে। ফলে ব্যাংক থেকে ঋণ নিয়ে এই ঘটতি মেটাতে হচ্ছে।'

তিনি আরও বলেন, নটরডেম কলেজ থেকে ক্যামব্রিয়ানে পড়ালেবার মান অনেক ভালো। নটরডেম থেকে ক্যামব্রিয়ানের শিক্ষকও বেশি। নটরডেম বোর্ডিং পাঁচ হাজার ছাত্রের জন্য শিক্ষক আছে মাত্র ৫৫ জন।

এছাড়াও ঢাকা সিটি কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি ফি নেয়া হচ্ছে প্রায় ২০ হাজার টাকা। স্বিলগাঁওয়ের ম্যাগনাস আইডিয়াল কলেজে ভর্তি ফি নেয়া হচ্ছে ১৬ হাজার ৫০০ টাকা, মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি ফি নেয়া হচ্ছে সাড়ে আট হাজার টাকা, তিকারনগর সিটি স্কুল অ্যান্ড কলেজে নেয়া হচ্ছে প্রায় নয় হাজার টাকা, সেন্ট জোসেফ কলেজে নেয়া হচ্ছে ১৫ হাজার টাকা, উত্তরার মাইলস্টোন কলেজ বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রীদের কাছ থেকে ভর্তি ফি নেয়া হচ্ছে ২০ হাজার ৩৭০ টাকা, বাণিজ্য বিভাগে ১৫ হাজার ৩৫০ টাকা এবং মানবিক বিভাগের ছাত্রছাত্রীদের কাছ থেকে নেয়া হচ্ছে ১২ হাজার ৩৭০ টাকা নিচ্ছে, মিরপুরের মণিপুর স্কুল অ্যান্ড কলেজে প্রায় ১২ হাজার টাকা এবং উত্তরা প্যাজেটিক মডেল কলেজে ভর্তি ফি নেয়া হচ্ছে ১২ হাজার টাকা।

**সরকারি কলেজে ভর্তি নৈরাজ্য :**

পাশ্চাত্যী জ্ঞান, টাকা কমেয়ে দ্বারা ভর্তি করতে কলেজ কর্তৃপক্ষের ওপর অস্বাভাবিক পন্থায় চাপ প্রয়োগ করেছে কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি ও মুহাম্মদ হাসান বিশ্বাস ও সাধারণ সম্পাদক সাকিব হাসান। আর ভর্তি ফি'র ক্ষেত্রে অতিরিক্ত অর্থ আদায়ের প্রতিবাদে গত বৃহস্পতিবার মঞ্জীপুরের সাকিব উদ্দিন তিনটি কলেজের অধ্যক্ষ ও উপাধ্যক্ষের কক্ষ অঞ্চল করে শিক্ষার্থীরা। এছাড়া সিলেটের এমসি কলেজে পছন্দ অনুযায়ী শিক্ষার্থী ভর্তি করতে না পারায় বোর্ড ঘোষিত ভর্তিফি শিক্ষার্থীদের তালিকা ছিড়ে ফেলে ছাত্রলীগ ক্যাডাররা।

শ্রমসত্ত, গত ১৭ জুন শিক্ষা বোর্ডগুলো ভর্তির জন্য মনোনীতদের তালিকা প্রকাশ করে। এর পূর্বে কলেজগুলোতে শুরু হয় শিক্ষার্থী ভর্তি, যা চলবে। বিলম্ব ফি ছাড়া ভর্তি কার্যক্রম চলবে ৩০ জুন পর্যন্ত। বিলম্ব ফিসহ ভর্তির শেষ সময় ১১ জুলাই। আগামী ১ জুলাই একাদশ শ্রেণীতে ভ্রাস শুরু হবে।